



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

ME-12137

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-১৭৮/৯৯২/৪

তারিখঃ ১৮/০৭/২০১৬খ্রিঃ

বিষয়ঃ প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে কমিটিতে অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং- বামাশিবো/আকাম/৫৪৪/১৬; তারিখঃ ২৫/০৫/২০১৬খ্রিঃ  
২) নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-১৭৮/১৯৮/৪; তারিখঃ ২৮/০২/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন উদং মধুপুর দাখিল মাদরাসার সুপার জনাব মুরশেদ আলী এর আবেদন এবং কমিটি গঠন সংক্রান্ত কাগজপত্রের প্রেক্ষিতে এ দপ্তর হতে গত ৩০/১১/২০১৫খ্রিঃ তারিখে ম্যানেজিং কমিটির অনুমোদন দেয়া হয়। অপরদিকে মাদরাসার ম্যানেজিং কমিটি গঠনের ক্ষেত্রে প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে অন্তর্ভুক্ত না করার বিষয়ে প্রতিষ্ঠাতা সদস্য দাবীদার জনাব মোঃ সাহের উদ্দিন একথানা অভিযোগ দাখিল করেন।

২) অত্র দপ্তরে রক্ষিত মাদরাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, অনুমোদিত কমিটি সমূহের মধ্যে প্রথম দিকের কয়েকটি কমিটিতে জনাব মোঃ আব্দুল মোতালেব ভূইয়াকে প্রতিষ্ঠাতা সদস্য এবং ১৮/০১/২০০১ থেকে ২৬/০১/২০১০ তারিখ পর্যন্ত অনুমোদিত ৩টি কমিটিতে জনাব মোঃ সাহের উদ্দিন ভূঞাকে প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে দেখানো হয়েছে। পরবর্তী কমিটিতে প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে জনাব মোঃ সাহের উদ্দিন ভূঞাকে বাদ দেওয়া হয়েছে।

৩) প্রতিষ্ঠাতা সদস্য পদে দুইজন পৃথক পৃথক ব্যক্তিকে রাখা এবং বাদ দেয়ার বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে অত্র বোর্ডের ময়মনসিংহ আঞ্চলিক শাখার সহকারী পরিদর্শক জনাব মোঃ মোয়াজ্জেম হোসেনকে দায়িত্ব প্রদান করা হয়। পত্রের প্রেক্ষিতে সহকারী পরিদর্শক সরজমিনে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে দাখিল করেন।

৪) তদন্ত প্রতিবেদনের মস্তব্য অংশে তিনি উল্লেখ করেন, উদং মধুপুর দাখিল মাদরাসা প্রতিষ্ঠার ক্ষেত্রে জনাব মোঃ সাহের উদ্দিন ভূইয়া এবং মোঃ আব্দুল মুত্তালিব ভূইয়া দুজনের যথেষ্ট অবদান আছে বলিয়া স্থানীয় জনগন এবং মাদরাসার শিক্ষকগণ জানান। অতপর তিনি সকল জমি দাতাদের ব্যাপারে পর্যালোচনা করে মস্তব্য করেন যে, জনাব সাহের উদ্দিন ভূইয়া এবং আব্দুল মুত্তালিব ভূইয়া মাদরাসা অনুমতি পাওয়ার চার বছর পরে অর্থাৎ ১৯৯১ সালে পাঁচ শতক করে জমিদান করেন; বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-২(জ) ধারা মতে উল্লিখিত ব্যক্তিদের কেহই প্রতিষ্ঠাতা সদস্য হওয়ার যোগ্য নয়। কারণ তারা কেহই প্রতিষ্ঠাকালীন সময়ে জমি/অর্থ দান করেন নাই। এছাড়া তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদনে জনাব আব্দুল মুত্তালিব ভূইয়া মৃত্যুবরণ করায় জনাব মোঃ সাহের উদ্দিন ভূইয়াকে দাতা সদস্য হিসেবে রাখার জন্য সুপারিশ করেন।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে জনাব মোঃ সাহের উদ্দিন ভূইয়াকে ম্যানেজিং কমিটিতে অন্তর্ভুক্ত করার কোন সুযোগ নাই মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

প্রফেসর এ. কে. এম. হায়েফ উল্লাহ  
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)  
ও রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৫৮৬১০২১৬

তারিখঃ ১০/৭/২০১৬খ্রিঃ

প্রাপকঃ সুপার, উদং মধুপুর দাখিল মাদরাসা, নান্দাইল, ময়মনসিংহ।

নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-১৭৮/

## সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ-

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৪. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৫. সভাপতি-ম্যানেজিং কমিটি, উদং মধুপুর দাখিল মাদরাসা, নান্দাইল, ময়মনসিংহ।
৬. জনাব মোঃ সাহের উদ্দিন, উদং মধুপুর দাখিল মাদরাসা, নান্দাইল, ময়মনসিংহ।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪